





'মার্গ' রবীন্দ্রসংখ্যা

হপ্লে-র রবীন্দ্রনাথ

কার স্ট্রিট। শার্লক হোম্স-খ্যাত লন্ডনের এই রাস্তাটি সেই ঐতিহাসিক ঘটনারও সাক্ষী। প্রায় একশো বছর আগে এইখানেই দেখা হয়েছিল রবীন্দ্রনাথ আর এক বিশ্বখ্যাত আলোকচিত্রী এমিল অটো হঙ্গে-র। লোভনীয় পৈতৃক ব্যবসা ছেড়ে হপ্পেকে তখন পেয়ে বসেছে ছবি তোলার নেশা। ছবি তুলতে তুলতেই বেশ কয়েক বছর কাটিয়েছেন প্যারিসে। তার পরে এলেন লন্ডনে, বেকার স্ট্রিটে খুললেন স্টুডিয়ো। ১৯১২-য় এখানেই কবির সঙ্গে তাঁর প্রথম দেখা। কিন্তু আশ্চর্যের বিষয়, এই বিদেশি আলোকচিত্রী সম্পর্কে রবীন্দ্রনাথ তাঁর লেখায় উল্লেখ করেননি কোথাও। ১৯২৯-এ হঙ্গে ভারত-শ্রমণের অঙ্গ হিসেবে এসেছিলেন শান্তিনিকেতনে। তখন বেশ কিছু ছবি তুলেছিলেন তাঁর। তবে হপ্পের এই সফর সম্পর্কে রবীন্দ্রজীবনীকারেরাও নীরব। অথচ ১৯২০-র দশক থেকেই, বিশেষ করে

পোর্ট্রেটের ভুবনে রীতিমতো বিখ্যাত এই জার্মান আলোকচিত্রী। শুধু শাস্তিনিকেতনেই নয়, নোবেল পুরস্কার পাওয়ার পরে ১৯২০-তে রবীন্দ্রনাথের বিলেত-বাসের সময়ে হঞ্জের সঙ্গে তাঁর ফের সাক্ষাৎ হয়। তখন নিজের স্টুডিয়োতে রবীন্দ্রনাথের কয়েকটি ছবি তোলেন হঞ্নে। ক্যালিফোর্নিয়ার পাসাডেনায় রক্ষিত হপ্পে-সংগ্রহ থেকে হঞ্জের তোলা রবীন্দ্রনাথ ও শান্তিনিকেতনের ছবিগুলি এ বার দেখার সুযোগ এই শহরে (সঙ্গে তারই একটি)। ভিক্টোরিয়া মেমোরিয়াল হলে শনিবার 'হঞ্চে'জ শাস্তিনিকেতন' শীর্যক এই প্রদর্শনীর সূচনা করলেন সবাসাচী ভট্টাচার্য। ছবিগুলি নিয়ে তৈরি একটি ক্যাটালগের আনুষ্ঠানিক প্রকাশ করলেন প্রাক্তন বিচারপতি চিত্ততোয মুখোপাধ্যায়। একই সঙ্গে সুপ্রিয় ঠাকুর প্রকাশ করলেন প্রতাপাদিত্য পাল সম্পাদিত মার্গ পত্রিকার রবীন্দ্রনাথ সার্ধশতবার্ষিক সংখ্যা, সামথিং ওল্ড, সামথিং নিউ। মার্গ-এ প্রকাশিত রবীন্দ্রনাথ-বিষয়ক পুরনো কিছু লেখা এবং নতুন কিছু অপ্রকাশিত লেখা নিয়ে সংকলনে আছে প্রচুর ছবিও। ভিক্টোরিয়া মেমোরিয়াল ও মার্গ ফাউল্ডেশন আয়োজিত প্রদর্শনীটি চলবে ভিক্টোরিয়ার পোর্ট্রেট গ্যালারিতে, ৩০ মে পর্যন্ত, (১০-৫টা, সোমবার ও জাতীয় ছুটির দিন বাদে)।

(TRANSLATION)

Anandabazar Patrika April 18, 2011 "Hoppé's Rabindranath"

Baker Street. This famous street associated with Sherlock Holmes was also the witness of another historical event. Almost a century ago this is where Rabindranath and the world famous photographer Emil Octo Hoppé met for the first time. Having abandoned his affluent home [in Austria] Hoppé became absorbed in the art of photography. He spent several years photographing in Paris. Then he went to London and set up his studio in Baker Street. There he first met the poet in 1912. However, it is remarkable that Rabindranath wrote nothing about his meeting with this foreign photographer. In 1929 while on a tour of India, Hoppé visited Santiniketan and took quite a few pictures of the poet. But even the many biographers of Tagore are silent about this visit of Hoppé, even though he was already famous in the world of portrait photography.

Nine years before Santiniketan in 1920 when Rabindranath again visited the UK, they had met a second time, when Hoppé photographed Tagore. We now have an opportunity to see a selection of Hoppé's pictures of Rabindranath and Santiniketan now archived in Pasadena, California. On Saturday the exhibition entitled "Hoppé's Santiniketan" was inaugurated in the Victoria Memorial Hall by Sabyasachi Bhattacharya.

At the same time Supriyo Tagore released the Tagore – 150th anniversary volume edited by Pratapaditya Pal and published by Marg magazine. Titled "Something Old, Something New" the profusely illustrated book contains some old writings about Rabindranath and some unpublished essays. The exhibition organized by the Victoria Memorial and The Marg Foundation can be seen in the Victoria Memorial Hall's Portrait Gallery through 30 May.